

হিংসার রাজনীতি

এই যে হিংসা,এত যে মৃত্যু
রাজনীতির বলি,সবাই কিন্তু।
রোজ কার-ও না কার-ও ঘর জ্বলছে
রোজ কেউ না কেউ গুলি খাচ্ছে !
কেন জানো কি কেউ !
এ কিসের লড়াই,কেন এত রক্তের হোলি
ভোটের রং-এ কেন সাধারণের বলি
একটা তো জবাব চাই
৩২বছরের রাজা মশাই ?
হিংসা নই শান্তি চাই
পুলিশের বেশে হার্মাদ চাই
আরো চারটে মেরে আই
শান্তি শান্তি শান্তি চাই
তাইতো এত গলা ফাটাই।
শাসকের হারানো জমি ফিরে
পাওয়ার লড়াই.....।।
আর এক জনের মা-মাটির লড়াই
বাঁচার লড়াই,বাঁচতে দেবার লড়াই
তাই তো মানুষ কে পাই পাশে
৩২ বছরের রাজত্ব শেষ হতে দেখে
শাসক রা আসতে চাই তাদের ভুলতে
বসা সাধারণ মানুষের পাশে,
দেখে রাজার পরিহাস,ভাগ্যদেবতা হাসে,
ফিরে পেতে চাই হারানো জমি
বিনিময়ে কৃষকের লাশে।
হয় ! বলি রাজনীতি
তোমার নেই কো কোনো নীতি
অনেক তো হল এবার তো টানো ইতি
হিংসার রাজনীতি।।।

মীর গোলাম সাবীর আলী।

আমার কবিতা সংগ্রহ।

৯৮৩৬১০৭৯৫৭